



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

১১ নভেম্বর ২০২২

শিক্ষার মানোন্নয়ন ও নকলমুক্ত সুষ্ঠু পরিবেশ গড়তে কঠোর বাউবি --

প্রো-উপাচার্য ড. নাসরীন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বাউবি পরিচালিত ২০২০ সালের চলমান বিএ এবং বিএসএস পরীক্ষা পরিদর্শন করেছেন বাউবির প্রো-উপাচার্য, বিশিষ্ট শিক্ষাবিদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের দূর্যোগ ও ব্যবস্থাপনা ইন্সটিটিউটের অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। এর অংশ হিসেবে আজ শুক্রবার রাজধানীর আলহাজ্ব মকবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজ ও মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে আকস্মিক পরীক্ষা পরিদর্শন করেন তিনি। এ সময় সাংবাদিকদের তিনি বলেন, নকলমুক্ত পরীক্ষা ও আত্মবিশ্বাসী শিক্ষার্থী গড়তে আমরা সচেষ্ট। শিক্ষার্থীদের পড়াশোনার পরিবেশ ও মানোন্নয়নে বাউবি কঠোর। এজন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। আজ বাউবির শিক্ষক, কর্মকর্তা দেশজুড়ে বিভিন্ন জেলা উপজেলায় পরীক্ষা পরিদর্শকের দায়িত্ব পালন করছেন। রাজধানীর দুইটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের উপস্থিতি, নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশ দেখে তিনি সন্তুষ্ট বলেও জানান সাংবাদিকদের।



উল্লেখ্য, সারা দেশের জেলা-উপজেলা পর্যায়ের সরকারি-বেসরকারি কলেজের ৩২৮টি কেন্দ্রে এবারের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ সেমিস্টারে মোট ৩ লাখ ৫০ হাজার ৯৫৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছেন। এর মধ্যে পুরুষ পরীক্ষার্থী ২ লাখ ৪ হাজার ৬৭৮ জন এবং নারী ১ লাখ ৪৬ হাজার ২৮১ জন।

এ বিষয়ে বাউবির রেজিস্ট্রার এবং তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক (অতি: দায়িত্ব) ড. মহাঃ শফিকুল আলম জানান, প্রতিবারের মতো এবারো স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়াও, বাউবি থেকে ভিজিট্যান্স টিম দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ক্রমান্বয়ে পাঠানো হচ্ছে। বাউবির শিক্ষার্থীদের WWW.bou.ac.bd এই ওয়েবসাইটে সব সময় যুক্ত থাকারও পরামর্শ দেন ড. শফিকুল আলম।।

.....

প্রেরক,
মো: আব্দুল হাই (বাবু)
সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।।
০১৭১১৭৩২৬৫৮